# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৫২২১

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقَاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفصْلُ الثَّالِثُ

---

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: قِيلَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَيْ النَّاسِ أَفْضَلُ؟ قَالَ: «كُلُّ مَخْمومُ الْقلب صَدُوق اللِّسَان» . قَالُوا: صدزق اللِّسَانِ نَعْرِفُهُ فَمَا مَخْمُومُ الْقَلْبِ؟ قَالَ: «هُوَ النَّقِيُّ التَّقِيُّ لَا إِثْمَ عَلَيْهِ وَلَا بَغْيَ وَلَا غِلَّ وَلَا حَسَدَ» . رَوَاهُ ابْنُ مَاجَهْ وَالْبَيْهَقِيُّ فِي «شُعَبِ الْإِيمَانِ»

اسناده صحيح ، رواه ابن ماجہ (4216) و البيهقى فى شعب الايمان (6604) ۔
(صَحِيح)

বাংলা

৫২২১-[৬৭] ’আবদুল্লাহ ইবনু ’আমর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.)-কে বলা হলো, মানুষের মধ্যে উত্তম কে? তিনি বললেন: প্রত্যেক নিষ্কলুষ অন্তঃকরণ-সত্যভাষী। সাহাবীগণ বললেন, “সুদূকুল লিসান” তো আমরা বুঝি, তবে “মাখমূমুল ক্বলব” কী? তিনি বললেন: সচ্ছ ও পবিত্র অন্তঃকরণ, যা পাপ করেনি, যুলম করেনি ও হিংসা-বিদ্বেষে জড়ায়নি। (ইবনু মাজাহ ও বায়হাক্বী’র শুআবুল ঈমান)

ফুটনোট

সহীহ : ইবনু মাজাহ ৪২১৬, সিলসিলাতুস্ সহীহাহ্ ৯৪৮, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২৮৮৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা : (مَخْمُومُالْقَلْبِ) হলো (قَلْبٌ سَلَيمٌ) আল্লাহ বলেন:(اِلَّا مَنۡ اَتَی اللّٰہَ بِقَلۡبٍ سَلِیۡمٍ) “তবে যে নিষ্কলুষ

ও পবিত্র ক্বলব নিয়ে আল্লাহর দরবারে হাযির হবে....।’’ (সূরা আশ শুআরা- ২৬ : ৮৯)

আল কামূস অভিধান গ্রন্থের ভাষ্য মতে,(مَخْمُومُ) শব্দটি(خَمَمْتَ الْبَيْتَ إِذَاكَنَسْتَهٗ) থেকে এসেছে। এটা তখন বলবে, যখন ঘর ময়লা কুটো থেকে পরিষ্কার করবে। (مَخمومُ الْقلب)এর অর্থ হলো দুশ্চরিত্র থেকে এবং অপবিত্র ‘আক্বীদা-বিশ্বাস ইত্যাদি থেকে কলবকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা।

(صدق اللِّسَانِ) যবানের সত্যবাদিতা', এটা হলো ঐ গুণ যার দ্বারা মানুষের সত্যবাদীর পরিচয় ঘটে। মুনাফিক এবং লৌকিক ব্যক্তি এর অন্তর্ভুক্ত নয়। কেননা তাদের মুখের কথার সাথে তাদের কার্যের মিল নেই।

(مَخْمُومُالْقَلْبِ) পরিচ্ছন্ন কলবের’ ব্যাখ্যা দিতে গিয়ে রাসূলুল্লাহ (সা.) বলেন- তা এমন একটি কলব যা স্বচ্ছ, নির্মল, সংযমী, পবিত্র এবং যুলম ও হিংসা-বিদ্বেষ থেকে মুক্ত। (মিরক্বাতুল মাফাতীহ; ইবনু মাজাহ ৩য় খণ্ড, হা, ৪২১৬; লুম্’আহ্ আত্ তানক্বীহ ৪৪৭ পৃ.)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85201

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন